মেহেরপুরে শ্যামপুর ইউনিয়নের নেতাকর্মীর সাথে জেলা বিএনপির সাক্ষাৎকার

মেহেরপুর সদর উপেজলার শ্যামপুর ইউনিয়নের নেতাকর্মীর সাথে জেলা বিএনপির সাক্ষাৎকার করা হয়। আজ রবিবার রাত ৯ টার দিকে মেহেরপুর জেলা বিএনপির কার্যালয় শ্যামপুর ইউনিয়নের ১, ২, ৫, ৭, ৮, ৯, নং ওয়ার্ডের বিএনপি’র নেতা কর্মীর সাথে সাক্ষাৎকার আলোচনা সভা আয়োজন করা হয়েছে।

মেহেরপুর সদর উপজেলা শ্যামপুর ইউনিয়নের বিএনপি নেতা আবুল হাশেমের নেতৃত্বে আলোচনা সভায় অনুষ্ঠানে এই সময় উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান, জেলা যুগ্ম আহবায়ক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ,জেলা বিএনপির

সদস্য আলমগীর ছাতু, খাইরুল বাশার হাফিজুর রহমান, মোছাঃ রোমানা আহম্মদ, রেজাউল হক, অন্যান্য উপস্থিত ছিলেন শামসুর রহমান সুইট, ফজলুর রহমান, মোমিনুল ইসলাম, জলিল ইসলাম, সাইরুল ইসলাম, সোহেল রানা, পলাশ আহমেদ, রিয়াজুল ইসলাম,

কাবরান হোসেন, আরিফ হোসেন শাহেব উদ্দিন, আলী উদ্দিন, আবু বক্কর, উজ্জল, জলিল, ইয়াকুব, গোলাম, জামিরুল ইসলাম, ইসলাম, আকুল, সহ শ্যামপুর ইউনিয়নের নেতাকর্মীর উপস্থিত ছিলেন।

মেহেরপুরের ২টি সংসদীয় আসনে জামায়াতে ইসলামীর প্রার্থী ঘোষণা

আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে মেহেরপুরের দুটি আসনে দলীয় প্রার্থী ঘোষণা করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। আজ রবিবার

মাগুরা শহরের আল আমিন মিলনায়তনে অনুষ্ঠিত এক দায়িত্বশীল সম্মেলনে আনুষ্ঠানিকভাবে প্রার্থীদের নাম ঘোষণা করা হয়।

প্রার্থীরা হলেন মেহেরপুর-১ (সদর ও মুজিবনগর) আসনে মেহেরপুর জেলা জামায়াতের আমীর মাওলানা তাজউদ্দিন খান ও মেহেরপুর ২ (গাংনী) আসনে জেলা জামায়াতে ইসলামীর শুরা ও কর্মপরিষদ সদস্য গাংনী উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান মো: নাজমুল হুদা।

বাংলাদেশ জামায়াতের যশোর-কুষ্টিয়া অঞ্চলের পরিচালক ও কেন্দ্রীয় নির্বাহী পরিষদের অন্যতম সদস্য মোবারক হোসাইন প্রার্থীদের নাম ঘোষণা করেন।

এসময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন অঞ্চল সহকারী পরিচালক মাওলানা আজিজুর রহমান, অঞ্চল টিম সদস্য অধ্যক্ষ খন্দকার এ কে এম আলী মহসিন, ডক্টর আলমগীর বিশ্বাস, আশেক ইলাইহি, আব্দুল মতিন, মেহেরপুর জেলা জামায়াতের সেক্রেটারি জেনারেল ইকবাল হোসেন প্রমুখ। এদিকে মেহেরপুর জেলার দুটি সংসদীয় আসনে জামায়াতে ইসলামীর প্রার্থী ঘোষণা করাই সংগঠনের নেতাকর্মী ও সমর্থকদের মধ্যে নতুন করে উৎসব শুরু হয়েছে।

মেহেরপুরে জেলা বিএনপি’র পরিচিত সভা

মেহেরপুরে জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির পরিচিত সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার (৯ ফেব্রুয়ারি) সকাল ১১ টার দিকে মেহেরপুর সালোম গেস্ট হাউস এন্ড ট্রেনিং সেন্টার সালোম চর্চ অফ মেহেরপুর এ এই জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির পরিচিত সভা আয়োজন করা হয়েছে।

জেলা বিএনপির আহবায়ক জাভেদ মাসুদ মিল্টনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা বিভাগের বিএনপি’র সংগঠনিক সম্পাদক (ভারপ্রাপ্ত) অনিন্দ্য ইসলাম অমিত।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা বিভাগ বিএনপির সহ সাংগঠনিক সম্পাদক বাবু জয়ন্ত কুমার কুন্ড, জেলা বিএনপির সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণ ও জেলা বিএনপি’র সদস্য সাবেক এমপি আমজাদ হোসেন।

জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসানের সঞ্চালনায় এসময় উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র যুগ্ন আহবায়ক আমিরুল ইসলাম, অধ্যাপক ফয়েজ মোহাম্মদ, সদস্য ইলিয়াছ হোসেন, আলমগীর খান ছাতু, আনছারুল হক, আব্দুল্লাহ, হাফিজুর রহমান, রেজাউল হক, জাকির হোসেন, আব্দুল হামিদ,খাইরুল বাশার, ওমর ফারুক, ফারুক হোসেন, আব্দুল আওয়াল, ইনছারুল হক, আলফাজ উদ্দিন কালু, মোছাঃ রোমানা আহম্মদ, আব্দুর রশিদ, মকবুল হোসেন মেঘলা, আখেরুজ্জামান, সাবেক পিপি ও সদস্য আবু সালেহ মোহাম্মদ নাসিম, মশিউর রহমান প্রমুখ।

এছাড়াও এসময় জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, সদস্য সচিব শহিদুল ইসলাম, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, গাংনী উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব হারুনুর রশিদ বাচ্চু বিশ্বাস, জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুল হক লাভলু, আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, সদর থানা যুবদলের সাবেক সভাপতি হাসিবুজ্জামান স্বপ্নন, জেলা যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স, জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি, মোশিউল আলম দিপুসহ জেলার বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

অপারেশন ডেভিল হান্ট’ শুরু

আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে ও সন্ত্রাসীদের আইনের আওতায় আনতে যৌথ বাহিনীর সমন্বয়ে গঠিত আইনশৃংখলা বাহিনী পরিচালিত ‘অপারেশন ডেভিল হান্ট’ এর প্রথমদিনেই গাংনীতে দুই জনকে আটক করা হয়েছে। এরা হলেন, গাংনী উপজেলার জোড়পুকুরিয়া গ্রামের মোশররফ হোসেন ও তেরাইল গ্রামের রুবেল হোসেন।

গতকাল শনিবার বিকালে গাংনী থানা পুলিশ ও মেহেরপুর সেনাবাহিনীর একটি টিম যৌথ অভিযান চালিয়ে এই দুইজনকে আটক করে।

তবে, তাদের কাছে থেকে ২ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়েছে। ফলে মাদক আইনে মামলা দিয়ে আদালতে প্রেরণ করা হবে বলে জানান গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল।

ওসি বানী ইসরাইল জানান, মেহেরপুর সেনাবাহিনী ও গাংনী থানা পুলিশের যৌথটিম শনিবার বিকালের দিকে তাদের বাড়িতে অভিযান চালিয়ে আটক করা হয়। প্রাথমিক জিজ্ঞাসাবাদ করে তাদের কাছ থেকে দুই গ্রাম গাঁজা উদ্ধার করা হয়।

আজ রবিবার সকারেল দিকে আটকদের আদালতে নেওয়া হবে বলে জানান ওসি বানী ইসরাইল।

মেহেরপুরে দুই সাজাপ্রাপ্তসহ ৫ আসামি গ্রেফতার

দু’জন সাজাপ্রাপ্তসহ আদালতের পরোয়ানাভূক্ত ৫ জন পলাতক আসামি গ্রেফতার করেছে মেহেরপুর সদর থানা পুলিশ।
শুক্রবার দিবাগত রাত থেকে গতকাল শনিবার ভোররাত পর্যন্ত সদর উপজেলার বিভিন্ন স্থানে পুলিশ পতক অভিযান চালিয়ে তাঁদের গ্রেফতার করে পুলিশ।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মেসবাহ উদ্দিন শনিবার বিকালে প্রেসনোট দিয়ে এই তথ্য নিশ্চিত করেছেন।

গ্রেফতারকৃতরা হলেন, মেহেরপুর সদর থানার মামলা নং ৩৬ তাং ২৫/০৯/২১, জিআর নং-২৯২/২১ মামলায় এক বছরের সাজাপ্রাপ্ত পলাতক আসামি মেহেরপুর শহরের ৫ নং ওয়ার্ডের হঠাৎপাড়া এলাকার মৃত নুর হোসেনের ছেলে মোঃ সহিদুল ইসলাম, সিআর ২৭/২০১৯ মামলায় ৩ মাসের সাজাপ্রাপ্ত পলাতক আসামি সদর উপজেলার চাঁদবীল গ্রামের শহিদুল ইসলামের ছেলে রাজু আহমাদ, জিআর ৪১/২০১৯ মামলার পলাতক আসামি কালিগাংনী গ্রামের মৃত নিয়ামত আলীর ছেলে মোকাদ্দেস ইসলাম, সিআর ৯৭৫/২০২৩ (ঝিনাইদহ কোর্ট) মামলার পলাতক আসামি শিশিরপাড়া গ্রামের নজরুল ইসলামের স্ত্রী মোছা: রসিয়া খাতুনকে গ্রেফতার করা হয়েছে।

ছাড়া ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনের ধারা ১৫(৩)/২৫ ডি আইনে দায়ের করা মামলা নং ৩৭, তারিখ ২৪/১১/২৪ এর এজাহার নামীয় আসামি শোলমারী গ্রামের মোতালেব হোসেনের ছেলে মো: সেন্টু মিয়াকে (৪০) তার নিজ বাড়ি থেকে গ্রেফতার করা হয়েছে।

মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ শেখ মেসবাহ উদ্দিনের নের্তৃত্বে সঙ্গীয় এসআই (নিঃ) মোঃ ফারুখ হোসেন, এসআই (নিঃ) অরুন কুমার দাস, এসআই (নিঃ) শফিকুল ইসলাম শিশু, এসআই (নিঃ) উজ্জল হোসেন, এএসআই(নিঃ) দেবদাস মন্ডল, এএসআই(নিঃ) মোঃ মিরাজুল ইসলাম, এএসআই(নিঃ) মোঃ হাসান শাহনেওয়াজ, এএসআই(নিঃ) মোঃ মাহবুব আলম ও সঙ্গীয় ফোর্স পৃৎক এসব অভিযানে অংশ নেন।

গ্রেফতারকৃত আসামিদের বিকালে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুর জেলা বিএনপির যুগ্ন আহবায়ক এর জন্মদিন পালন

মেহেরপুর জেলা বিএনপির যুগ্ন আহবায়ক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ জন্মদিন পালন করা হয়েছে।

গতকাল শনিবার রাত ৯টার দিকে মেহেরপুর জেলা বিএনপির কার্যালয়ের কেক কাটা আয়োজন করা হয়েছে।

মেহেরপুর সদর উপজেলা শ্যামপুর ইউনিয়নের বিএনপির নেতা আবুল হাশেমের নেতৃত্বে কেক কাটা হয়। এই সময় আরো উপস্থিত ছিলেন জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুল হক লাভলু। জেলা যুবদলের আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি।

জেলা যুবদলের সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক আসাদুজ্জামান জনি, শ্যামপুর ইউনিয়নের যুবনেতা উজ্জ্বল, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি, পৌর ছাত্রনেতা ফুর্তি হাসান, মেহেরপুর জেলা

জিয়া সাইবার ফোর্সের যুগ্ন আহবায়ক নাজমুল হাসান সোহাগ, সহ বিএনপি নেতাকর্মী উপস্থিত ছিলেন।

মুজিবনগরে অস্ত্রসহ দুই ছিনতাইকারী আটক

মুজিবনগরে ছিনতাই করার সময় জনগণের সহায়তায় দুই ছিনতাইকারীকে আটক করছে মুজিবনগর থানা পুলিশ।

গতকাল শুক্রবার রাত নয়টার দিকে মুজিবনগর কমপ্লেক্সের পিছন ভবেরপাড়া আনন্দবাস সড়কের জৈনেক ফিরোজ মোল্লাদের মেহগনি বাগানের কাছ ছিনতাই করার সময় তাদেরকে আটক করা হয়।

আটককৃত ছিনতাইকারীরা হল উপজেলার আনন্দবাস গ্রামের শহিদুল ইসলাম এর ছেলে মো. স্বাধীন আলী (২০) এবং আসান মল্লিক ছেলে সেলিম মল্লিক (৩২)।

ঘটনার বিবরণে জানা গেছে, মুজিবনগর উপজেলার বগোয়ান ইউনিয়নের জয়পুর গ্রামের নজির হালসোনার ছেলে আলী হোসেন একজন ক্ষুদ্র আলু ব্যবসায়ী তিনি উপজেলার বিভিন্ন সাপ্তাহিক হাটে আলু বিক্রয় করেন। প্রতিদিনের ন্যায় তিনি ভবেরপাড়া গ্রামের সাপ্তাহিক হাটে আলু বিক্রিয় করতে আসেন আলু বিক্রয় শেষে সন্ধ্যা সাড়ে ৮ টার দিকে ভবেরপাড়া বাজার হতে বাই সাইকেল যোগে মুজিবনগর মুক্তিযুদ্ধ কমপ্লেক্স এর পিছনের রাস্তা দিয়ে আনন্দবাসের দিকে যাওয়ার সময় ভবেরপাড়া গ্রামের ফিরোজ মোড়লের মেহগনি বাগানের সামনে দুইজন ছিনতাই কারি হাতের দা ও লাঠি নিয়ে পথ রোধ করে কুপিয়ে মেরে ফেলার ভয় দেখিয়ে তার নিকটে থাকা আলো বিক্রয়ের নয় শত টাকা নিয়ে নাই পরে তার ডাক চিৎকার শুনে মাঠের লোকজন এগিয়ে আসলে ছিনতাইকারীরা দৌড়ে পালানোর সময় আনন্দবাস মোড়ে থাকা পুলিশের দল দ্রুত এসে তাদেরকে হাতেনাতে আটক করে। সময় পুলিশ তাদের কাছ থেকে ছিনতায় হওয়া নয় শত টাকা একটি ধারালো দা এবং লাঠি আকৃতি একটি গাছের ডাল উদ্ধার করে।

মুজিবনগর থানা অফিসার ইনচার্জ মিজানুর রহমান ঘটনার সত্যতা স্বীকার করে জানান, ছিনতায় করার সময় হাতেনাতে ২ ছিনতাইকারিকে আটক করে ১৮৬০ সালের পেনাল কোডের ৩৯২ ধারায় মামলা দিয়ে শনিবার বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

মুজিবনগরে ওয়ারেন্ট ভুক্ত চার আসামী গ্রেফতার

মুজিবনগরে বিভিন্ন মামলার ওয়ারেন্ট ভুক্ত ৪ আসামীকে গ্রেফতার করেছে মুজিবনগর থানা পুলিশ।

শনিবার রাত ১টা হতে ভোর ৫ টা মুজিবনগর থানা অফিসার ইনচার্জ মিজানুর রহমান এর নের্তৃত্বে এস আই উত্তম কুমার, এস আই নাজমুল ইসলাম, এ এস আই সোহেল রানা, এ এস আই সিমা খাতুন ও সঙ্গীয় ফোর্স সহ মুজিবনগর থানার বিভিন্ন স্থানে অভিযান পরিচালনা করে সি আর - ৮১/২৪, সি আর- ১১৫/২৪ ওয়ারেন্টভুক্ত আসামী বিদ্যাধরপুর গ্রামের আলিউল আজিম এর স্ত্রী আলিয়া খাতুন, সি আর নং-১১৫/২৪ এর ওয়ারেন্টভুক্ত আসামী মাঝপাড়া গ্রামের মৃত আজিজুল এর ছেলে ঝন্টু, মাঝপাড়া গ্রামের মৃত আজিজুল এর স্ত্রী আম্বিয়া খাতুন, জি আর নং- ৮২/২১ এর ওয়ারেন্টভুক্ত আসামী ভবেরপাড়া গ্রামের মৃত জানিয়েল মন্ডল এর ছেলে সাগর মন্ডল কে নিজ এলাকা হতে গ্রেফতার করা হয়।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মিজানুর রহমান জানান মুজিবনগর থানার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করে আসামীদেরকে বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়েছে।

সেই সাথে মুজিবনগর থানা এলাকায় ওয়ারেন্ট মূলে আসামী গ্রেফতার ও মাদক উদ্ধার অভিযান অব্যাহত আছে।

মেহেরপুরের আশরাফপুরে ক্রিকেট টুর্নামেন্টের ফাইনাল সম্পন্ন

মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়নের আশরাফপুরে মরহুম ফারুক হুসাইন চেয়ারম্যান স্মৃতি ক্রিকেট টুর্নামেন্ট ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (৮ ফেব্রুয়ারি) বিকেল তিনটার দিকে আশরাফপুর ক্রিকেট টিমের আয়োজনে আশরাফপুর জনকল্যাণ ক্লাব ফুটবল মাঠে এই ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

ফাইনাল খেলায় অংশ নেয় বুড়িপোতা ইউনিয়নের শালিকা টাইগার একাদশ ও কুতুবপুর ইউনিয়নের সুবিদপুর একাদশ।

এতে কুতুবপুর ইউনিয়নের সুবিদপুর একাদশ চ্যাম্পিয়ন এবং বুড়িপোতা ইউনিয়নের শালিকা টাইগার একাদশ রানার্সআপ হওয়ার গৌরব অর্জন করে। পুরস্কার বিতরণীর মধ্য দিয়ে টুর্নামেন্টের সমাপ্তি ঘটে।

আশরাফপুর ক্রিকেট টিমের অধিনায়ক ইমতিয়াজ হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা ছাত্রদলের আহ্বায়ক মোল্লা নাজমুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আমদহ ইউনিয়নের স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক মোঃ মেহেদী হাসান জনি, মোঃ বিপ্লব আহমেদ, মোঃ তুষার আহমেদ, মোঃ মিলন হালসনা প্রমুখ।

মেহেরপুরে পরোয়ানাভুক্ত ও মাদক মামলার ৫ আসামি গ্রেফতার

মেহেরপুরে অভিযান চালিয়ে আদালতের পরোয়ানাভুক্ত চারজন ও মাদক মামলার একজনসহ পাঁচজনকে গ্রেফতার করেছে পুলিশ।

শুক্রবার (৭ ফ্রেব্রুয়ারি) সকাল থেকে শনিবার (৮ ফেব্রুয়ারি) ভোর

পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে থেকে আসামিদের গ্রেফতার করা হয়।

এদের মধ্যে আদালতের পরোয়ানাভুক্ত জিআর, ও সিআর মামলায় ৪ জন ও মাদক মামলায় মেহেরপুর থানা পুলিশের অভিযানে একজনকে গ্রেফতার করা হয়েছে।

পুলিশ সুপার মাকসুদা আক্তার খানমের সার্বিক দিকনির্দেশনায় মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ শেখ মেসবাহ উদ্দিনের নেতৃত্বে এ বিশেষ অভিযান পরিচালিত হয়।

গ্রেফতারকৃত আসামিরা মোঃ সহিদুল ইসলাম মেহেরপুর থানার জিআর নং- ২৯২/২১ (সাজাপ্রাপ্ত) মামলার আসামি, মোঃ মোকাদ্দেস ইসলাম মেহেরপুর সদর থানার মামলা নং-২০ (তারিখ-১৬/০২/২০১৯) এর আসামি, মোঃ রাজু আহাম্মদ সিআর সাজা নং-২৭/২০১৯ (মেহেরপুর) মামলার আসামি, মোছাঃ রশিয়া খাতুন ঝিনাইদহ সিআর নং-৯৭৫/২০২৩ মামলার আসামি, মোঃ সেন্টু মিয়া মেহেরপুর সদর থানার এফআইআর নং-৩৭ (তারিখ-২৪/১১/২০২৪) এর আসামি, যাকে ১৫(৩)/২৫ডি স্পেশাল পাওয়ার অ্যাক্ট ১৯৭৪-এর আওতায় গ্রেফতার করা হয়েছে।

অভিযান চলাকালে আসামিদের নিজ নিজ বাড়ি থেকে আটক করা হয়। পরে গ্রেফতারকৃতদের বিজ্ঞ আদালতে পাঠানো হয়ছে।

মেহেরপুর সদর থানার পক্ষ থেকে জানানো হয়েছে যে, এলাকায় মাদকবিরোধী ও ওয়ারেন্টভুক্ত আসামি গ্রেফতারের অভিযান অব্যাহত থাকবে।